কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশিক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ সোমবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে সভাপতিত্ব করেন ওই বিদ্যালয়ের প্রধান শামসুদ্দিন আহম্মদ । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপরিচালক (বিআরডিবি) আরিফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কোস সংগঠন মোস্তাফিজুর রহমান,ইউডিও বিআরডিবির আবু মনসুর,সহকারী পল্লী উন্নয়ন অফিসার (অঃ দাঃ); দায়িত্ব প্রাপ্ত মাঠ সংগঠক আল আমিন,সহকারী শিক্ষিকা মোছাঃ রোকসানা খাতুন এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়।

কোটচাঁদপুরে সরকারি ভাবে ধান-চাল সংগ্রহ শুরু

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসন ও উপজেলা খাদ্য বিভাগের উদ্যোগে সরকারি ভাবে চলতি বোরো মৌসুমে অভ্যন্তরীন বোরো ধান ও চাল সংগ্রহ অভিযান-২০২৩ শুরু হয়েছে।

চলতি মৌসুমে কৃষকদের নিকট থেকে ৫৫৬ মেট্রিকটন ধান ও চুক্তিকৃত ৬ টি মিলারের মাধ্যমে ২২১ মেট্রিকটন চাল ক্রয় করা হবে বলে জানা গেছে।

আজ রবিবার বিকালে সরকারি খাদ্য গুদাম চত্বরে ফিতা কেটে ধান ও চাল সংগ্রহের শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, পৌরসভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জাকির হোসেন, উপজেলা কৃষি অফিসার রাজিবুল হাসান, উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি নুরুল ইসলাম খান বাবলু,ফারজেল হোসেন মন্ডল,লুৎফর রহমান, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম আলী,সাবেক পৌর কমিশনার রাজেদুল ইসলাম রাজা মিয়া সহ খাদ্য বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী ও দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওয়াহেজুর রহমান খান জানান, চলতি মৌসুমে কৃষকদের নিকট থেকে ৩০ টাকা কেজি দরে ৫৫৬ মেট্রিকটন ধান এবং মিলারদের নিকট থেকে ৪৪ টাকা কেজি দরে ২২১মেট্রিকটন সিদ্ধ চাল ক্রয় করা হবে।

উদ্বোধন অনুষ্ঠানে সরাসরি উপজেলার কুশনা গ্রামের আশাদুল নামে একজন কৃষকের কাছ থেকে এক মেট্রিকটন ধান ক্রয় করা হয়।

ঝিনাইদহের কোটচাঁদপুরে মা দিবস পালিত

কোটচাঁদপুরে মা দিবস পালিত হয়েছে। আজ রবিবার বিকেলে স্থানীয় অফিসার্স ক্লাবে এ মা দিবস করা হয়।

মা দিবসে উপজেলা সহকারী কমিশনার (ভুমি) নিরুপমা রায়ের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান (বাবলু),কোটচাঁদপুর থানার পুলিশ সদস্য (ওসি তদন্ত) জগন্নাথ চন্দ্র, কোটচাঁদপুর পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, সাবেক মুক্তি যোদ্ধা

কমান্ডার তাজুল ইসলাম।

এছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান,পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক চম্পা অধিকারি।
অনুষ্ঠানে মায়ের অনুভূতি ব্যক্ত করেন,উপজেলা মহিলা আওয়ামী লীগ নেতা মেহেরুন নেসা।

সঞ্চালনায় ছিলেন,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

কোটচাঁদপুর পল্লীতে ভ্রাম্যমান আদালতের অভিযান

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের হস্তক্ষেপে বন্ধ হয়েছে অবৈধভাবে মাটি কাটা ও জব্দ জালে দেয়া হয়েছে আগুন। শনিবার উপজেলার পৃথক দুইটি স্থানে এ অভিযান চালান প্রশাসন।

জানা যায়,শনিবার সকালে উপজেলার কাগমারি গ্রামের আজিজুল ইসলাম (আজা) ভেকু দিয়ে মাটি কাটছিল। এমন খবরে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে ঘটনাস্থলে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের পাঠান। পরে ওই মাটি কাটা বন্ধ করিয়ে ভেকু তুলেদেন।

অন্যদিকে, শনিবার সকালে উপজেলা সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায় কোটচাঁদপুরের কপোতাক্ষ নদের জগন্নাথপুর অংশে অভিযান চালান। এ সময় তিনি ১৪ টি চায়না নিশিদ্ধ দোয়াড়ি জব্দ করা হয়। পরে তা ওই নদের তীরেই আগুন দিয়ে ধ্বংস করা হয়।

জাল ধ্বংসের সময় উপস্থিত ছিলেন,উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার,কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) শাহ মোঃ আজিজ। এ ছাড়া সঙ্গীয় পুলিশ সদস্যরাও ওই অভিযানে ছিলেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে বলেন,বিষয়টি জেনেছি। খোজ খবর নিয়ে ব্যবস্থা নেয়া হবে। অন্যদিকে সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়ের সঙ্গে কথা বলা সম্ভব হয়নি।

কোটচাঁদপুরে আম সংগ্রহ শুরু

ঝিনাইদহের কোটচাঁদপুরে আম সংগ্রহ শুরু করেছেন চাষিরা। দিনপঞ্জি অনুযায়ী বুধবার (১০-০৫-২৩) থেকে এ আম সংগ্রহ শুরু করেন তারা। আড়ৎতে আড়ৎতে শোভা পাচ্ছে,আটি,শরিফা,গোবিন্দভোগ,গোপাল ভোগ আর বোম্বাই আম। এ বছর ১২ হাজার ৬ শ মেট্রিক টন আম উৎপাদন হতে পারে বলে জানিয়েছেন কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, দেশের তিনটি বৃহত্তর আম বাজার। যার মধ্যে রয়েছে সাতক্ষীরা, রাজশাহী ও কোটচাঁদপুর। ইতোমধ্যে ওই দুইটি বাজারে উঠতে শুরু করেছে আম।

গতকাল বুধবার সকাল থেকে আম সংগ্রহ শুরু করেছেন কোটচাঁদপুরের চাষিরা। এ বছর কোটচাঁদপুরে ৭ শ হেক্টর জমিতে আম চাষ হয়েছে। এ উপজেলায় রয়েছে ১৭ শ টি বাগান। বাগানগুলো থেকে ১২ হাজার ৬ শ মেট্রিক টন আম উৎপাদন হতে পারে বলে জানিয়েছেন কৃষি কর্মকর্তা। এ দিকে বুধবার আম সংগ্রহের খবরে,গেল কয়েকদিন আড়ৎদারেরা ব্যবসা প্রতিষ্ঠান পরিস্কার পরিছন্নতায় ব্যস্ত সময় পার করছেন।

অন্যদিকে দিনপঞ্জি অনুযায়ী বুধবার সকাল থেকে আম সংগ্রহ শুরু করেছেন চাষিরা। এ দিন সকাল (১০-০৫-২৩) থেকে কোটচাঁদপুরে সংগ্রহ শুরু হয়েছে সব ধরনের আটি,শরিফা,গোপাল ভোগ,গোবিন্দ ভোগ,বোম্বাই আম।

এরপর দিনপঞ্জি অনুযায়ী একে একে সংগ্রহ করা হবে অন্যান্য আম। আগামী ১৮ মে থেকে সংগ্রহ করা হবে হিমসাগর, ২৮ মে লাংড়া আর হাড়িভাংঙ্গা,৫ জুন আম রুপালি, ১০ জুন কাটিমন,বানানা আর মল্লিকা, ২০ জুন ফজলি,২৫ জুন থেকে বিশ্বনাথ, আশ্বিনে ও বারি ৪ আম।

এ ব্যাপারে কোটচাঁদপুর আম বাজারের সভাপতি সঞ্চয় সাহা বলেন,বাংলাদেশে তিনটি বড় আম বাজার রয়েছে। যার মধ্যে দ্বিতীয় বড় আম বাজার কোটচাঁদপুর। এবছর ১০ এপ্রিল থেকে আম সংগ্রহ কার্যক্রম শুরু করা হবে। ইতোমধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কৃষি কর্মকর্তা বাগান পরিদর্শন করছেন।

চাষি ও আড়ৎদারদের সঙ্গে সভাও হয়েছে। সংশ্লিষ্ট প্রকাশ করেছেন আম সংগ্রহের দিনপঞ্জি। আর ওই মোতাবেক বুধবার থেকে শুরু হয়েছে কোটচাঁদপুর বাজারে আম উঠা।

তিনি বলেন,গাছের আম দেখে খুশি হলেও আমরা দাম নিয়ে চিন্তায় আছি। কারন হিসেবে তিনি বলেন, কোটচাঁদপুর আম বাজারে দ্বিতীয় পর্যায় আম উঠে। এ বছর তিনটি বাজারে আম এক সঙ্গে বাজারে উঠায় ব্যাপারি ভাগ হয়ে যাবে। এতে করে আমের দামও কমতে পারে বাজারে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান বলেন, গেল বছরের তুলনায় বাগানে আমের উৎপাদন ভাল হয়েছে। ইতোমধ্যে আমরা বাগান পরিদর্শন করেছি। সে মোতাবেক আম সংগ্রহের দিনপঞ্জি বানিয়ে আড়ৎদারদের দেয়া হয়েছে।

তিনি বলেন, এ উপজেলায় ১৭ শ টি বাগানে আমের চাষ হয়েছে। সব ঠিক থাকলে এ বছর ১২ হাজার ৬ শ মেট্রিক টন আম উৎপাদন হতে পারে।

কোটচাঁদপুরে বাওড় ফিরে পেতে জয়দিয়া হালদার পাড়ার মানববন্ধন

কোটচাঁদপুরে বাওড় ফিরে পেতে মানববন্ধন করেছেন জয়দিয়া হালদার পাড়ার বাসিন্দারা। আজ সোমবার সকালে এ মানববন্ধন করা হয়। জানা যায়, গেল ১৩ এপ্রিল বাওড়ের চুক্তির মেয়াদ শেষ হয়েছে।

এরপেক্ষিতে গেল ১৪ এপ্রিল বাওড়ের তীরে নিশানা দিয়ে, তা দখল নেন উপজেলা সহকারী কমিশনার (ভুমি) কর্মকর্তা নিরুপমা রায়।তার নির্দেশে স্থানীয় ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তারা বাওড় পাড়ে মাইকিং ও করেন । এতে গেল ১ মাস বাওড় পাড়ের হালদার সম্প্রদায়ের মানুষেরা পড়েছেন বিপাকে।

কোন উপায় না পেয়ে সোমবার সকাল ১১ সময় জয়দিয়া বাওড় পাড়ের ৪ শতাধিক হালদার সম্প্রদায়ের নারী -পুরুষ মানববন্ধন করেন ওই বাওড় তীরেই।

এ সময় জয়দিয়া সুফল ভোগী সমিতির সভাপতি নিত্য হালদার বলেন,বাওড় পাড়ে ৪ শ ঘর বসতি আছি আমরা। বাপ দাদার আমল থেকে এ বাওড়ের কাজ করে জীবিকা চলে। বর্তমানে একটি প্রভাবশালী মহল আমাদের ভিতরে কয়েক জনকে হাত করে,আমাদের সমিতির লাইসেন্স দিয়ে বাওড় ইজারা নিয়েছেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, জয়দিয়া বাওড় পাড়ের জগো হালদার প্রসান হালদার, সন্তোষ হালদার,কার্তিক হালদার, শ্রীদাম হালদার, মাধব হালদার, পদ্ম হালদার, শংকরি হালদার।

তারা বলেন,বাপ দাদার আমল থেকে এ বাওড়ে কাজ করে আসছি। এখন বাওড় ইজারা দেওয়ায়, তা হাতছাড়া হয়ে যাচ্ছে। বাওড় চলে গেলে আমরা কর্মহীন হয়ে পড়বো। তারা দ্রুত বাওড়ের ইজারা বাতিলের দাবি জানান। সাথে সাথে তারা বাওড় ফিরে পেতে চাই। তাদের দাবি না মানলে সামনের দিনে,হালদার সম্প্রদায়ের মানুষেরা অন্যান্য কর্মসূচীও পালন করবেন বলে জানান।

কোটচাঁদপুরের সড়ক দুর্ঘটনায় একই পরিবারে চার জনসহ মৃত্যুর সংখ্যা সাত

কোটচাঁদপুরের সড়ক দুর্ঘটনায় বেড়েছে মৃত্যুর সংখ্যা। গতকাল শুক্রবার রিমা খাতুনের মৃত্যুর পর যা দাড়িয়েছে ৭ জনে। যার মধ্যে রয়েছে উপজেলার এলাঙ্গী গ্রামের একই পরিবারের ৪ সদস্য। শোকের মাতম চলছে ওই পরিবারে। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।

জানা যায়, গত বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুরের এলাঙ্গী গ্রামের তোরাব আলী স্ত্রী শিউলি খাতুন(৫০), মেয়ের মেয়ে খুকুমনি(৭), ছেলে রুবেলের শিশু পুত্র রাফান দেড় মাস ও বউ মা রিমা খাতুন (২৫)কে নিয়ে কোটচাঁদপুর ডাক্তার দেখিয়ে বাড়ি ফিরছিল।

পথিমধ্যে কোটচাঁদপুর পৌর কাশিপুর ডিগ্রি কলেজের সামনে পৌছালে, সামনে থেকে আসা ক্যাভার্ড ভ্যানটি সজোরে ধাক্কা দেন। এতে করে

ঘটনাস্থলে মারা যান,শিশু রাফান, খুকুমনি ও ভ্যান চালক সলেমান। গুরুতর আহত হন এলাঙ্গী গ্রামের তোরাব আলীর স্ত্রী শিউলি খাতুন (৫০)ও বউমা রিমা খাতুন(২৫),কালীগঞ্জ উপজেলার তিলেচাঁদপুর গ্রামের মাজেদ শেখের ছেলে টিটু শেখ (৪০),ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল থানার বৈশামারি গ্রামের নুরআলির ছেলে পেয়ারা ব্যাবসায়ী আলামিন (৬৫),

এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তারুনী পাশা, তাদেরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

এরমধ্যে যশোর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন শিউলি খাতুন, টিটু শেখ। ঢাকায় নেওয়ার পথে মারা আলামিন (৬৫),এদিকে রিমা খাতুনকে উন্নত চিকিৎসার জন্য খুলনা হাসপাতালে নিয়ে যান স্বজনরা। ওখানেও অবস্থার উন্নতি না হওয়া ওই রাতেই রিমাকে ঢাকা মেডিকেলে নিয়ে গিয়ে ভর্তি করান। অবশেষে গতকাল শুক্রবার বেলা ১১ টার দিকে মৃত্যুর কাছে হার মেনে,চলে যান না ফেরার দেশে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন বলেন, ওই ঘটনায় সড়ক ও পরিবহন আইনে থানায় মামলা হয়েছে। মামলা নাম্বার -০১-০৪-০৫-২৩। এলাঙ্গী গ্রামের তোরাব আলী বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলাটি করেছেন।

কোটচাঁদপুরে ত্রিমুখী সংঘর্ষে দুই শিশুসহ ৫ জন নিহত, আহত ৩

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্যাভারভ্যন, মটর চালিত পাখি ভ্যান ও মাইক্রোবাসে ত্রিমুখী সংঘর্ষে দুই শিশুসহ ৫ জনের মৃত্যু হয়েছে। ওই ঘটনায় আহত হয়েছেন আরো ৩ জন। তাদেরকে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় কোটচাঁদপুর পৌর এলাকার কাশিপুর পৌর ডিগ্রি কলেজের সামনের সড়কে এ ঘটনাটি ঘটেছে।

কোটচাঁদপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর এলাকার সলেমানপুর ৫নং ওয়ার্ডের মালাকারপাড়ার মো. ফারুক হোসেনের ১০ মাসের শিশু কন্যা পানিতে ডুবে মর্মান্তিক মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার সকালে এঘটনা ঘটে ।

নিহতের স্বজনেরা জানান, নিহতের মা বালতিতে কাপড়চোপড় ভিজিয়ে রেখেছিলেন, পাশে ১০ মাসের শিশু শারমিলা খেলা করছিলো। পরে কাপড়চোপড় রোদে শুকায়তে দিতে গেলে শিশুটি খেলতে খেলতে বালতিতে থাকা পানিতে উল্টো ভাবে পড়ে যায়। তারপরই তার মৃত্যু হয়।

এ সময় কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডাক্তার শারমিন আক্তার বলেন, বাচ্চা টার প্রতিবেশীরা সঙ্গে করে মৃত অবস্থায় এনেছিলো। সে সময় মা বাবা কেউ ছিলো না। পানিতে ডুবার কারণে মৃত্যু হয়েছে। বিষয় টি পুলিশ কে অবগত করেছি।

এ বিষয় পৌর পুলিশ ফাঁড়ির পরিদর্শক শাহাদাৎ হোসেন বলেন থানায় অপমৃত্যু মামলা হয়েছে। শিশু বাচ্চা হাওয়ায় মানবিক দিক বিবেচনা করে এসপি স্যারের সাথে কথা বলে মৃত দেহ দাফনের অনুমতি দেওয়া হয়েছে। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কোটচাঁদপুরের আর্দশপাড়ায় প্রবাসীর বাড়িতে চুরি

গতকাল বুধবার রাতে কোটচাঁদপুরের আর্দশপাড়ার মফিজুর রহমানের বাড়িতে চুরির ঘটনা ঘটেছে।

ভুক্তভোগী মফিজুর রহমান বলেন, গতকাল বুধবার (২৬ এপ্রিল) তারিখ রাতে আমার কোটচাঁদপুরের আর্দশপাড়ার বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। এ সময় তারা নগদ ৭০ হাজার টাকা, ৫ হাজার বিদেশি টাকা,বিভিন্ন প্রকার ৫ ভরি ওজনের স্বর্ণালংকার ও ব্যবহারের অনেক কিছু নিয়ে গেছেন

চোরেরা। সব মিলিয়ে ৭ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে বলে দাবি তাঁর।

তিনি বলেন, যশোরের মনিরামপুর পার খাজুরা গ্রামে আমার আরেকটি বাড়ি রয়েছে। ঈদে সবাই মিলে ওই বাড়িতে গিয়ে ছিলাম। আজ বৃহস্পতিবার (২৭ এপ্রিল) সকালে জানতে পারলাম, আমার কোটচাঁদপুরের বাড়িতে চুরি হয়েছে।

মফিজুর বলেন,চোরেরা প্রথমে আমার ছাদের ঘরের দরজা ভেঙ্গে বাড়িতে প্রবেশ করেন। এরপর ঘরের দরজা ভেঙ্গে সবকিছু নিয়ে যায়। জানা যায়, মফিজুর রহমান ছিলেন বিদেশ প্রবাসি। গেল কয়েক মাস হল তিনি বাড়িটি নির্মান করেছেন।

এ ব্যাপারে তিনি কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ করেছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শাহ মোঃ আজিজ বলেন, চুরির ঘটনায় থানায় অভিযোগ করেছেন ভুক্তভোগী। ওসি স্যার ও সার্কেল স্যার ঘটনাস্থল পরিদর্শনে গিয়েছেন।